



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।

www.eedmoe.gov.bd

info@eedmoe.gov.bd



স্মারক নং- ৩৭.০৭.০০০০.০০৮.১৬.১৭৮.১৯- ১১৮১

তারিখ- ১৫.১১.২০২২ খ্রি.

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
তারিখ ও সময় : ২৬/১০/২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রধান প্রকৌশলী মহোদয় তাঁর সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, মাসিক সমন্বয় সভা একটি দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং শৃঙ্খলা রক্ষার্থে অতি গুরুত্বপূর্ণ। মাসিক সমন্বয় সভা নিয়মিত আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তুভিত্তিক সভাটি পরিচালনা করার জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ রাহেদ হোসেন কে অনুরোধ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	অলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	নিয়োগ, পদমোতি ও শূন্য পদ পূরণ	উপপরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) এর ৪টি পদ শূন্য রয়েছে। এ ছাড়া, নির্বাহী প্রকৌশলীর ৪৩ টি শূন্য পদের বিপরীতে ৩২ জন জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলীকে নির্বাহী প্রকৌশলীর চলতি দায়িত্ব এবং অবশিষ্ট ১১টি পদে নিকটবর্তী জেলার নির্বাহী প্রকৌশলীগণকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। চলতি দায়িত্ব প্রদানকৃত নির্বাহী প্রকৌশলীর ফিডার পদ পূরণকারী ৫ জন কর্মকর্তার পদোন্নতির প্রস্তাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে। এ ছাড়াও সহকারী স্থপতির ৩ টি, আইন কর্মকর্তার ১টি পদ, প্রোগ্রামারের ১টি পদ, সহকারী প্রোগ্রামারের ৪টি পদ, সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৩ টি পদ, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) এর ৬৯টি পদ, সহকারী প্রকৌশলী	১.১) সকল শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১.২) প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার পদে প্রেষণে/ সরাসরি নিয়োগের মাধ্যমে শূন্য পদ পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। ১.৩) আইন কর্মকর্তা পদে প্রেষণে/ সরাসরি নিয়োগের মাধ্যমে শূন্য পদ পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। ১.৪) উপসহকারী প্রকৌশলী/ ডাফটস ম্যানের শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পিএসসিতে দ্রুত পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। ১.৫) আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য শূন্য পদসমূহ দ্রুত পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১.৬) প্রয়োজনীয় সংখ্যক গাড়ি চালকের পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হবে এবং গাড়ি চালকের বিদ্যমান শূন্যপদসমূহ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন)

(Signature)

(Signature)

(Signature)

(Signature)

(Signature)

ক্রম	আলোচ্য বিষয়	অলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>(যান্ত্রিক) এর ১টি পদ, সহকারী প্রকৌশলী (মেইনটেন্যান্স) এর ১টি পদ বর্তমানে শূন্য আছে। উপসহকারী প্রকৌশলী (সিভিল) এর ৩৬১ টি শূন্য পদের বিপরীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২৪০ জন প্রার্থীকে সুপারিশ করা হয়। উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে ৭২ টি, ড্রাফটসম্যান পদে ২৪ টি শূন্য পদ রয়েছে। অন্যদিকে ইইডি কর্তৃক ১১ থেকে ১৬ তম গ্রেডের তৃতীয় গ্রেডের বিভিন্ন পদে সুপারিশকৃত ৬৩৮ জন এর মধ্যে ৪৭৮ জন কর্মচারী যোগদান করেছেন। এ ছাড়া, গাড়িচালক এর রাজস্বখাতভুক্ত ০৯ টি এবং গার্ড ও ক্লিনার পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য ৬৪৭ টি পদ শূন্য রয়েছে।</p>		
০২	মন্ত্রাণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন প্রেরণ	<p>পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, সংশ্লিষ্ট শাখা/ডেস্কসমূহ হতে অনেক সময় নির্ধারিত সময়ে তথ্য-উপাত্ত না পাওয়ায় মন্ত্রাণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা সম্ভব হয় না।</p>	<p>২) মন্ত্রাণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে সকল ডেস্ক ও শাখা নির্ধারিত সময়ে তথ্য প্রদান নিশ্চিত করবে।</p>	সকল শাখা ও ডেস্ক প্রধান।
০৩	প্রশিক্ষণ	<p>শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন, Quality Control of EED Structures সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন, নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণের অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার, পিপিআর, ই-জিপি, অটোক্যাডসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা হয়। এ ছাড়া নির্বাহী প্রকৌশলীগণের জন্য EED Strengthening প্রকল্পের আওতায় DDO Module সংক্রান্ত এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ডিপিপি প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন বিষয়ক বিস্তারিত আলোচনা হয়। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট</p>	<p>৩.১) নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। ৩.২) নব নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণের বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। ৩.৩) ডিপিপি প্রণয়ন ও DDO Module সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p>	<p>১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন) ৩) প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন)</p>

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সংকুলান বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ), নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-৪) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা বিস্তারিত আলোচনা করেন।		
০৪	অডিট আপত্তি নিষ্পত্তি ও অভ্যন্তরীণ অডিট	বর্তমানে ৭৭৮টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সভাপতি অডিট সংক্রান্ত প্রতিবেদনে অডিট আপত্তিসমূহের মধ্যে সধারণ এবং অগ্রিম আপত্তিসমূহ আলাদাভাবে প্রদর্শনের অনুরোধ করেন। অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার জন্য কমিটি গঠন পূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	৪.১) মাসিক অডিট প্রতিবেদনে আপত্তিসমূহের সধারণ এবং অগ্রিম আপত্তিসমূহ আলাদাভাবে প্রদর্শন করতে হবে। ৪.২) অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার জন্য প্রধান প্রকৌশলী কর্তৃক গঠিত কমিটি শীগ্রই কাজ শুরু করতে হবে।	জনাব আবু সাইদ চৌধুরী, হিসাবরক্ষণ কর্মকর্তা।
০৫	মামলা	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৫৬টি মামলার মধ্যে ৩৬ টি নিষ্পত্তি হয়েছে এবং ২০ টি মামলার কার্যক্রম চলমান রয়েছে। মামলাসমূহের ডাটাবেজ প্রস্তুতসহ সুনির্দিষ্ট তথ্যসহ প্রতিবেদন হালনাগাদের উপর সভায় গুরুত্বরোপ করা হয়।	৫.১) মামলাসমূহের ডাটাবেজ হালনাগাদ রাখতে হবে। ৫.২) চলমান মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তরের আইন কর্মকর্তার মাধ্যমে উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
০৬	কর্মবন্টন	প্রধান কার্যালয়ে কর্মরত সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সুস্পষ্ট কর্মবন্টন প্রণয়নপূর্বক যথাযথ পত্রের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়কে অবগত করার বিষয়ে আলোচনা হয়।	৬) সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের সুস্পষ্ট কর্মবন্টন প্রণয়ন করতে হবে।	সকল শাখা ও ডেস্ক প্রধান।
০৭	প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ ও এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশ	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ ও এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশের নিমিত্ত সভাপতি পূর্বে গঠিত কমিটি পুনর্গঠন করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। উক্ত নিম্নোক্ত কমিটি প্রণয়নপূর্বক দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৭.১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ও ছবি যাচাইপূর্বক নির্বাহী প্রকৌশলীগণের সাথে আলাপ করে চূড়ান্তকরণ সম্পন্ন করতে হবে। ৭.২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে স্মরণিকা প্রকাশের নিমিত্ত গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হয়: ১। জনাব মো. রাহেদ হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ)	গঠনকৃত কমিটি।

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

ক্রম	আলোচ্য বিষয়	অলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
			<p>২। জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী</p> <p>৩। জনাব আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী</p> <p>৪। জনাব মীর মুয়াজ্জেম হসেন, নির্বাহী প্রকৌশলী</p> <p>৫। জনাব মো. সিরাজুল ইসলাম, সহকারী প্রকৌশলী</p> <p>৬। জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী</p> <p>৭। জনাব মোঃ ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী</p> <p>৮। জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী</p> <p>৯। জনাব আব্দুর রহিম রাসেল, উপসহকারী প্রকৌশলী</p>	
০৮	বিভিন্ন কমিটি হালনাগাদকরণ	প্রধান কার্যালয়ের বিভিন্ন বিষয় ও কার্যক্রম সংক্রান্ত গঠিত কমিটিসমূহ হালনাগাদকরণ করার বিষয়ে আলোচনা হয়।	৮) বিভিন্ন কমিটিসমূহ হালনাগাদ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
০৯	অফিসের কর্মপরিবেশ উন্নয়ন ও নতুন পদায়িত কর্মকর্তা/কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ	<p>প্রধান কার্যালয় এর কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, কর্মপরিবেশ উন্নয়ন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নধীন হলেও অগ্রগতি সন্তোষজনক নয়। সভাপতি সিঁড়িসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের করিডোর, ক্যাম্পাস অপরিচ্ছন্ন থাকায় এবং যত্রতত্র অশ্রাব্যবহত মালামাল, পরিত্যক্ত সামগ্রী ও অবর্জনা পরে থাকায় অসন্তোষ প্রকাশ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ প্রধান কার্যালয়ের প্রবেশমুখে মোটরসাইকেল সরানো এবং প্রবেশমুখে আনসার নিয়োগের বিষয়ে আলোচনা করেন। করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট ইনভেন্টরি ও সংশ্লিষ্ট ডেস্ক কর্তৃক শ্রেণিবিন্যাস করণের</p>	<p>৯.১) বিদ্যমান পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটি টিওআর অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবে।</p> <p>৯.২) ভবনের সামনে গোলচক্রে গাড়ি পার্কিং-এর জায়গা খালি করে মটর সাইকেল রাখার ব্যবস্থাকরণ এবং নিরাপত্তার জন্য ৬ জন আনসার সদস্য নিয়োগের বিষয়ে ডেস্ক ১ এর নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আবুল হাসেম সরদার ও সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মোঃ জরজিসুর রহমান-কে দায়িত্ব প্রদান করা যায়।</p> <p>৯.৩) করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে সংশ্লিষ্ট শাখা/ডেস্কসমূহ স্টোরকিপারসহ ইনভেন্টরি সম্পন্ন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।</p>	<p>৯.১) জনাব মো. আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী</p> <p>৯.২) জনাব মোঃ জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)</p> <p>৯.৩) সংশ্লিষ্ট শাখা/ডেস্ক প্রধান।</p>

০৯

০৮

০৭

০৬

০৫

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		মাধ্যমে পরবর্তীতে সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে আলোচনা করা হয়। নতুন পদায়িত কর্মকর্তা/ কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ বিষয়ে নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আবুল হাসেম সরদার জানান যে, ডিজাইন শাখার প্রকৌশলীদের বসার জন্য কাজ চলমান রয়েছে, পার্টিশনের কাজ বাকি আছে। নতুন স্টাফদের বসার জন্য চেয়ার, টেবিল ও কম্পিউটার সরবরাহ করা হবে।	৯.৪) নতুন পদায়িত কর্মকর্তা/ কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ ও নতুন স্টাফদের বসার জন্য চেয়ার, টেবিল ও কম্পিউটার সরবরাহ করার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	৯.৪) (১) পরিচালক (প্রশাসন ও অর্থ) (২) উপপরিচালক (অর্থ)
১০	যানবাহন	এ কার্যালয়ের TO&E অনুমোদনের প্রস্তাব দীর্ঘদিন ধরে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় অবহিত করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যপরিধি বহুগুন বৃদ্ধি পাওয়ায় এবং একই সাথে সকল পদবীর নতুন জনবল নিয়োগ ও পদোন্নতি প্রদান করায় বাস্তব চাহিদার নিরিখে TO&E হালনাগাদ করে নতুন আর একটি প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। নির্বাহী প্রকৌশলী জনাব আবুল হোসেন সরদার বলেন, মাঠ পর্যায়ে অনেক নির্বাহী প্রকৌশলীর যানবাহন নেই, অথচ নির্মাণ কাজ তদারকিসহ দাপ্তরিক বিভিন্ন কাজে নির্বাহী প্রকৌশলীর সরকারি গাড়ি থাকা একান্ত অবশ্যিক। এ জন্য নতুন অর্গানোগ্রাম অনুযায়ী TO&E হালনাগাদ করা প্রয়োজন। বর্তমানে অর্থ বিভাগের বিধি নিষেধের কারণে এ মুহূর্তে নতুন যানবাহন ক্রয় করা সম্ভব হচ্ছে না মর্মে তিনি সভায় অবহিত করেন।	১০.১) প্রেরিত TO&E প্রস্তাব অনুমোদনের বিষয়ে অগ্রগতি সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করবেন। ১০.২) বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী এবং বাস্তব চাহিদার নিরিখে যানবাহন ও অফিস সরঞ্জামাদির নিরিখে TO&E প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটিকে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১০.১) জনাব মোঃ জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১০.২) গঠনকৃত কমিটি
১১	ব্যয় সাশ্রয়	হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ ইউনুস আলী সভাকে জানান, সরকার জালানী বিষয়ে ২০%, ভ্রমণ ভাতা বিলে ৫০%, কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে ৫০%, অন্যান্য মনিহারী খাতে ৫০%, বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে	১১) অত্র অধিদপ্তরের প্রত্যেক ডেস্ক, শাখা এবং সকল কর্মকর্তা ও কর্মচারীকে সরকারের ব্যয় সাশ্রয়ী নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	১) সকল শাখা/ ডেস্ক প্রধান ২) উপপরিচালক (অর্থ)

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৫০%, বিদ্যুৎ ব্যবহারে ২৫% সাশ্রয়ী হতে এবং যথাসম্ভব আপ্যায়ন খাতে ব্যয় কমানোর বিষয়ে নির্দেশনা প্রদান করেছে। অত্র অধিদপ্তর ব্যয় সাশ্রয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করছে বলে তিনি সভাকে জানান।		
১২	ওয়েবসাইট হালনাগাদকরণ	প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন) জানান যে, এত্র অধিদপ্তরের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। অফিস আদেশ, পরিপত্র, প্রজ্ঞাপন, NOC নিয়মিতভাবে আপলোড করা হয়। তবে, মাঠ পর্যায়ের ওয়েবসাইট আপডেট নেই। তিনি ICT শাখার জনবল বৃদ্ধির জন্য অনুরোধ করেন।	১২.১) এ অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। ফটোগ্যালারীতে গুরুত্বপূর্ণ সভার সকল ছবি আপলোড করতে হবে। ১২.২) মাঠ পর্যায়ের দপ্তর সমূহের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ করার জন্য নির্দেশনা জারি করতে হবে।	১) প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন)
১৩	APA/NIS	প্রোগ্রামার ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন) বলেন, APA/NIS/ তথ্য অধিকার/GRS ইত্যাদি সকল বিষয়ে প্রমাণিক দলিলসহ প্রতিবেদন প্রেরণ করা হয়। অসম্পূর্ণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গ্রহণ করা হয় না। তাই সংশ্লিষ্ট শাখা/ডেস্ক হতে যথাসময়ে তথ্য/ প্রমাণিক দলিল সরবরাহের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	১৩.১) APA/NIS সংক্রান্ত সকল প্রতিবেদন যথাসময়ে যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন)
১৪	শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগ	উপপরিচালক (প্রশাসন) জানান যে, এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য এত্র অধিদপ্তর হতে প্রস্তাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে।	১৪.১) স্বল্প সময়ের মধ্যে প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগে প্রেরিত প্রস্তাবের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- এ যোগাযোগ করতে হবে।	১) পরিচালক (প্রশাসন ও অর্থ) ২) উপপরিচালক (প্রশাসন)
১৫	এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত	শিক্ষা সংক্রান্ত এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে অত্র অধিদপ্তর এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বরোপ করা হয়।	১৫.১) এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত গৃহীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	১) সকল শাখা/ ডেস্ক প্রধান।
১৬	Digital Archive সংক্রান্ত আলোচনা	সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত ভবনসমূহের ডিজাইন এবং ড্রয়িং দীর্ঘদিন সংরক্ষণের জন্য Digital Archive এর বিষয়ে আলোচনা হয়। এ ছাড়া ডিজাইন শাখার কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত শাখা হতে প্রধান	১৬.১) কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য Digital Archive system development করতে হবে। ১৬.২) ডিজাইন শাখার জন্য পর্যাপ্ত Computer, A3	১৬.১) প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ (মামুন) ১৬.২) উপপরিচালক

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		প্রকৌশলী মহোদয়ের কাছে compatible Computer, A3 Scanner, Plotter ক্রয়ের জন্য অনুরোধ করা হয়।	Scanner, Plotter ক্রয় করতে হবে।	(অর্থ)
১৭	বিবিধ:	বিবিধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	<p>১৭.১। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) গণ নিয়মিতভাবে Field Visit করবেন এবং নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), প্রধান কার্যালয় তা সমন্বয় ও মনিটরিং করবেন।</p> <p>১৭.২। বর্তমানে ব্যবহৃত নৈমিত্তিক ছুটি আবেদন ফরম্যাট আলোচনা মোতাবেক সংশোধন করতে হবে এবং ছুটি রেজিস্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।</p> <p>১৭.৩। ডিজাইন শাখার সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীবৃন্দ মাঠ পর্যায়ে সরবরাহ করার লক্ষ্যে প্রস্তুতবৃত্ত ডিজাইনের প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং তা সঠিকভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।</p> <p>১৭.৪। গাড়ী চালক ও লিফটম্যানদের জন্য নির্ধারিত পোশাকের ব্যবস্থা করতে হবে।</p>	<p>১৭.১) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)</p> <p>১৭.২) (১) পরিচালক (প্রশাসন ও অর্থ) (২) উপপরিচালক (প্রশাসন)</p> <p>১৭.৩) সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী।</p> <p>১৭.৪) পরিচালক (প্রশাসন ও অর্থ)</p>

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: দেলোয়ার হোসেন মজুমদার)

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন ০২-২২৩৩৮২৮৫৬




স্মারক নং- ৩৭.০৭.০০০০.০০৮.১৬.২৮৭.২১-১১৫১/১ (১০০)

তারিখ-১৫.১১.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য বিতরণ করা হলো (ক্ষেত্রতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয় ও সার্কেল
০৯. উপ-পরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয় ও সার্কেল
১১. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৩. জনাব
১৪. অফিস কপি


১৫/০১/২০২২
(আসাদুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন)
ফোন ০২-২২৩৩৮৭৭৬৯
